তারিখ ... 20 FEB 2017 ...
পৃষ্ঠা ৬ ... কলাম ২ ...

# বর্তমান শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন প্রয়োজন : এরশাদ

**যুগান্তর রিপোর্ট**

সাবেক রাষ্ট্রপতি ও জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, বর্তমান শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন প্রয়োজন। তিনি আরও বলেন, সিলেবাস সূচি একটি সীমাবদ্ধতার মধ্যে আবদ্ধ। সিলেবাস পরিবর্তন দরকার বলেও দাবি জানান সাবেক এই রাষ্ট্রপতি।

সোমবার রাজধানীর সেগুনবাগিচায় কচি-কাঁচার মিলনায়তনে সাহিদুর রহমান টেপা রচিত 'বাংলাদেশের রাজনীতি ১৯০৫ থেকে ২০১৬' গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

এরশাদ বলেন, এখন ভালো মানের পড়ালেখা হয় না। ছাত্রছাত্রীরা আগের মতো বই, গল্প, কবিতা পড়তে চায় না, আগে কবিতা পড়তাম, সকালে উঠি আমি মনে মনে বলি সারাদিন যেন আমি ভালো হয়ে চলি। কিন্তু ছাত্রছাত্রীরা সকালে উঠে ফেসবুক খুলে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## বর্তমান শিক্ষা ব্যবস্থায়

(৩য় পৃষ্ঠার পর)

সময় নষ্ট করে। তিনি বলেন, আমি সৈনিক ছিলাম। রাজনীতিবিদ হওয়ার চেষ্টা করেছি, রাজনীতির পথ খুব পিচ্ছিল। এ পথ খুব আঁকাবাঁকা। সৈনিকরা আঁকাবাঁকা পথে চলতে পারে না। আমরা বীরের জাতি উল্লেখ করে এরশাদ বলেন, আমরা দু'বার যুদ্ধ করেছি। একবার ব্রিটিশদের বিরুদ্ধে, আরেকবার পাক হানাদারদের বিরুদ্ধে। '৫২ সালে ভাষার জন্য রক্ত দিয়েছি। আমরা পরাধীন জাতি নয়। আমাদের ইতিহাস বিরল, বাঙালি জাতি সাহসী জাতি। সাবেক এই রাষ্ট্রপতি বলেন, আমার জীবন সুখের জীবন নয়। কষ্টের জীবন, দুঃখের জীবন, হেসে জীবন কাটাতে পারিনি। ঘর ও সন্তানের দিকেও দৃষ্টি দিতে পারিনি। উন্নত ও সুন্দর বাংলাদেশ চেয়েছিলাম। পৃথিবীতে মিলিটারির চেয়ে উন্নত পেশা নেই। আমি মিলিটারির ডক্টরেট, সাহিত্যিকের ডক্টরেট হতে পারিনি। চলচ্চিত্রকার কাজী হায়াতের সভাপতিত্বে মোড়ক উন্মোচন অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জাতীয় পার্টির মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদার এমপি, রাজনৈতিক বিশ্লেষক ড. নাজমুল আহসান কলিমউল্লাহ, বিশিষ্ট বিজ্ঞানী ড. মোহাম্মদ ইব্রাহীম, গ্রন্থের রচয়িতা সাহিদুর রহমান টেপা, দলের প্রেসিডিয়াম সদস্য সুনীল শুভ রায়, এসএম ফয়সল চিশতি, ভাইস চেয়ারম্যান আলমগীর সিকদার লোটন, জয়যাত্রা ফাউন্ডেশনের চেয়ারম্যান হেলেনা জাহাঙ্গীর, নাজনীন সুলতানা লাকী। অনুষ্ঠান পরিচালনা করেন জাতীয় পার্টির দফতর সম্পাদক সুলতান মাহমুদ।